



অবিলম্বে

তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

www.titasgas.org.bd

তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান

বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১২১৫

নম্বর: ২৮.১৩.০০০০.০৪৩.১৮.০০১.২২.৩৮০

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৯

১০ আগস্ট ২০২২

দপ্তরাদেশ নং: ৪৯/২০২২

১। ভোক্তাপর্যায়ে সরবরাহকৃত প্রাকৃতিক গ্যাসের মূল্যহার পুনঃনির্ধারণ করে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন কর্তৃক ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার, ২০২২ (সূত্র নং: ২৮.০১.০০০০.০১২.১৪.০০১.২২.২৫২৩, তারিখ: ০৪ জুন ২০২২) জারি করা হয়। উক্ত বিজ্ঞপ্তি এর ক্রমিক নং ৪ নিম্নরূপ:

“এ আদেশ বিল মাস জুন ২০২২ থেকে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।”

গ্যাস বিপণন নিয়মাবলী ২০১৪ এর অনুচ্ছেদ নং ১ (২২) অনুযায়ী বিল মাসের সংজ্ঞা নিম্নরূপ:

“বিলের মাস” বলতে মিটার রিডিং চক্র অনুযায়ী ২(দুই) বার মিটার রিডিং গ্রহণের মধ্যবর্তী সময়কে বুঝাবে;”

বর্ণিত সংজ্ঞা অনুযায়ী উপর্যুক্ত নির্দেশনার প্রায়োগিক অর্থ দাঁড়ায় এই যে, নতুন জারিকৃত মূল্যহার বিল মাস জুন ২০২২ এর সম্পূর্ণ বিলের উপর প্রযোজ্য হবে। তদনুযায়ী জুন ২০২২ মাসের বিল হয়নি। এমতাবস্থায়, সকল বিপণন বিভাগ ও আইসিটি ডিভিশন বিল মাস জুন ২০২২ এর বাড়তি আদায়যোগ্য বিল সংশোধনপূর্বক জুলাই ২০২২/ আগস্ট ২০২২ মাসে সমন্বয়কৃত বিল হিসেবে আদায়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২। আঞ্চলিক বিপণন ডিভিশন-এর জোবিত প্রধান এবং মেট্রো ঢাকা রাজস্ব ডিভিশন-এর রাজস্ব শাখা প্রধানগণ সমন্বয়করণসহ বিল প্রণয়ন করার বিষয়টি নিশ্চিত করবেন।

৩। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ দপ্তরাদেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

১১-৮-২০২২

এস এম আলিনূর রহমান

উপমহাব্যবস্থাপক

ফোন: ৫৫০১২৭০৯

ফ্যাক্স: ৮৮০-২-৮১৪২২৫০, ৮৮-২-৯১২০৫১৩

নম্বর: ২৮.১৩.০০০০.০৪৩.১৮.০০১.২২.৩৮০/১(২৮৪)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৯

১০ আগস্ট ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাব্যবস্থাপক (কারিগরি)- সকল

২) মহাব্যবস্থাপক (হিসাব)- সকল

৩) মহাব্যবস্থাপক (সাধারণ)- সকল

৪) উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল

৫) উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল


৬) উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল

৭) ব্যবস্থাপক (কারিগরি)- সকল

৮) ব্যবস্থাপক (হিসাব)- সকল

৯) ব্যবস্থাপক (সাধারণ)- সকল

১০) সহকারী ব্যবস্থাপক, সাধারণ প্রশাসন শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড



১১-৮-২০২২

এস এম আলিনুর রহমান

উপমহাব্যবস্থাপক